

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৯.১৯.২১৭

তারিখ: ৫ ভাদ্র ১৪২৭

২০ আগস্ট ২০২০

বিষয়: রিট পিটিশন নং-৯৮৪০/২০১৯ এর বিষয়ে আইননুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিতকরণ প্রসংগে।


- সূত্র: (১) বামাশিবো'র স্মারক নং- বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/৩২৯৩/৭, তারিখ: ৩১/৭/১৯ খ্রি.
(২) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৯.১৯-৫৬৯, তারিখ: ০৪/১১/২০১৯ খ্রি।
(৩) বামাশিবো'র স্মারক নং- বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/৩৪৫৮/৭, তারিখ: ১৩/১১/১৯ খ্রি.
(৪) বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/৩৫৪৫/৩, তাং ২৭/৭/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন ধুরুয়া ডি.এস দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: তাজুল ইসলামের বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ প্রমাণিত না হওয়ায়, বিধি মোতাবেক তদন্ত না হওয়ায় এবং চূড়ান্ত বরখাস্তের পূর্বে বোর্ডের অনুমোদন না নেয়ায় উক্ত বরখাস্তের আইনগত ভিত্তি নেই মর্মে প্রতীয়মান। জনাব মো: তাজুল ইসলাম-কে সুপার পদে দায়িত্ব পালনের (পূর্ববহালের) জন্য নির্দেশনা দিয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ৩১/০৭/২০১৯ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে পত্র জারি করা হয়।

০২। বামাশিবো'র উক্ত স্মারকের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে ডা: মো: মুকসুদুর রহমান নোমান কর্তৃক পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৮৪০/২০১৯ মামলা দায়ের করা হয়। উক্ত রিট মামলার বিষয়ে আইননুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থার তথ্যাদি জানানোর জন্য টিএমইডি হতে ০৪/১১/১৯ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে মহোদয়-কে অনুরোধ জানানো হয়েছিল।

০৩। টিএমইডি'র উক্ত পত্রের প্রেক্ষিতে বামাশিবো কর্তৃক রিট পিটিশন নং-৯৮৪০/২০১৯ মামলার বিষয়ে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণসহ অগ্রগতির বিষয়ে নিয়মিত বোর্ডকে অবহিত করার জন্য উক্ত মাদ্রাসার সুপার-কে গত ১৩/১১/১৯ তারিখে সূত্রোক্ত (৩) স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে উহার ছায়ালিপি সংযুক্ত করে সূত্রোক্ত (৪) নং স্মারকের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। কিন্তু বামাশিবো'র উক্ত পত্রের পরবর্তীতে কী কী ব্যবস্থা গৃহীত হয়েছে এবং মামলার সর্বশেষ অবস্থা কি সে সম্পর্কে হালানগাদ তথ্য প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৯৮৪০/২০১৯ মামলার বিষয়ে গৃহীত ব্যবস্থার তথ্যাদিসহ মামলার সর্বশেষ অবস্থা সম্পর্কিত তথ্য (প্রমাণকসহ) আগামি ৩১/০৮/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।



২০-৮-২০২০

মোঃ আঃ খালেদ মিঞা
সিনিয়র সহকারী সচিব

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বখশিবাজার, ঢাকা।


স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৯.১৯.২১৭/১

তারিখ: ৫ ভাদ্র ১৪২৭

২০ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) অফিস কপি/মাস্টার কপি।



২০-৮-২০২০

মোঃ আঃ খালেক মিয়া
সিনিয়র সহকারী সচিব